

বাংলাদেশ কৃষি ব্যাংক বিভাগীয় কার্যালয়, খুলনা।

জানুয়ারি ০৩, ২০২৩ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণীঃ

অদ্য জানুয়ারি ০৩, ২০২৩ তারিখ দুপুর ০৩.০০ ঘটিকায় বিভাগীয় কার্যালয়, খুলনা এর মহাব্যবস্থাপক মহোদয়ের সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়, খুলনার ২০২২-২০২৩ অর্থ বছরের লক্ষ্যমাত্রার বিপরীতে ২য় ত্রৈমাসিকের অর্জনের উপর পর্যালোচনা সংক্রান্ত বিভাগীয় নৈতিকতা কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নবর্ণিত সদস্যগণ উপস্থিত ছিলেন।


| | | |
|-----|---|------------|
| ০১। | জনাব আশরাফুজ্জামান খান মহাব্যবস্থাপক বিকেবি, বিভাগীয় কার্যালয়, খুলনা। | সভাপতি |
| ০২। | জনাব মোঃ জুবায়ের আলম উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা বিকেবি, বিভাগীয় কার্যালয়, খুলনা। | সদস্য |
| ০৩। | জনাব মোঃ রকিবুল বাশার উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা বিকেবি, বিভাগীয় কার্যালয়, খুলনা। | সদস্য সচিব |

০২। সভাপতি মহোদয় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে সভার সদস্য সচিব ২০২২-২০২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রার বিপরীতে ২য় ত্রৈমাসিকের অর্জন বিষয়ে সভাকে অবহিত করেন। সভাপতি মহোদয় ২০২২-২০২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রার বিপরীতে ২য় ত্রৈমাসিকের অর্জনের পর্যালোচনা করেন এবং বিগত ০৩/১০/২০২২ তারিখে অনুষ্ঠিত সভার গৃহীত সিদ্ধান্তের অর্জন নিয়ে আলোচনা করেন। অত্র কার্যালয়ের ইতোপূর্বে গঠিত শুদ্ধাচার চর্চার কমিটির সদস্য জনাব অরুণ কুমার কুণ্ডু পিআরএল এ গমন করায় পদটি শূন্য ঘোষণা করেন। অত্র কার্যালয়সহ অত্র বিভাগাধীন সকল শাখা/কার্যালয়ে শুদ্ধাচার চর্চা এবং এর যথাযথ বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করেন।


০৩। সভায় বিভাগের চলমান বিভিন্ন বিষয়ের উপর বিস্তারিত আলোচনা করা হয় এবং শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সকল সদস্য বর্ণিত বিষয়ে তাদের অভিমত ব্যক্ত করেন। বিস্তারিত আলোচনান্তে সভার সকল সদস্যের ঐক্যমতের ভিত্তিতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :-

- অক্টোবর, ২০২২ হতে ডিসেম্বর, ২০২২ সময়কালের ২য় প্রাক্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন/শুদ্ধাচার বিষয়ক তথ্যাদি ওয়েবসাইটের শুদ্ধাচার ট্যাবে আপলোড করতে হবে।
- ২০২২-২০২৩ অর্থবছরের নির্ধারিত লক্ষ্যমাত্রার আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে।

০৪। অতঃপর সভায় আর কোন আলোচ্য সূচী না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ রকিবুল বাশার)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা
বিকেবি, বিভাগীয় কার্যালয়, খুলনা
ও
সদস্য সচিব
বিভাগীয় নৈতিকতা কমিটি, খুলনা।



(মোঃ জুবায়ের আলম)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা
বিকেবি, বিভাগীয় কার্যালয়, খুলনা
ও
সদস্য
বিভাগীয় নৈতিকতা কমিটি, খুলনা।



(আশরাফুজ্জামান খান)
(মহাব্যবস্থাপক)
বিকেবি, বিভাগীয় কার্যালয়, খুলনা
ও
সভাপতি
বিভাগীয় নৈতিকতা কমিটি, খুলনা।